

প্রিমিয়াম কর ছাড় বা ট্যাক্স ক্রেডিট কী?

আপনার প্রিমিয়াম কর ছাড় বা ট্যাক্স ক্রেডিট সম্পর্কে বুঝুন: ব্যক্তি ও পরিবারের জন্য বিকল্প

অনেক ব্যক্তি ও পরিবার প্রিমিয়াম কর ছাড় বা ট্যাক্স ক্রেডিট পেতে পারেন। কর ছাড় বা ট্যাক্স ক্রেডিটের মাধ্যমে আপনাকে স্বাস্থ্য বিমার জন্য কম অর্থপ্রদান করতে হবে।

প্রিমিয়াম কর ছাড় বা ট্যাক্স ক্রেডিট কী এবং তা কীভাবে কাজ করে? প্রিমিয়াম কর ছাড় বা ট্যাক্স ক্রেডিট স্বাস্থ্য বিমার খরচ কমিয়ে দেয়। আপনি NY State of Health-পরিচালিত মার্কেটপ্লেসে প্রিমিয়াম কর ছাড় বা ট্যাক্স ক্রেডিট পাওয়ার জন্য আবেদন করতে পারেন। আপনি যদি কোনো কর ছাড় বা ট্যাক্স ক্রেডিটের জন্য যোগ্য হন তাহলে আপনার কাছে দুটি বিকল্প আছে:

• **“আগে থেকে” পান** - এই বিকল্পের মাধ্যমে, আপনি আপনার স্বাস্থ্য প্ল্যান প্রিমিয়ামে প্রযোজ্য হবে এমন কিছু বা সমস্ত কর ছাড় বা ট্যাক্স ক্রেডিট চয়ন করতে পারেন। আপনি প্রিমিয়ামের কিছু পরিমাণ অর্থপ্রদান করবেন এবং অবশিষ্ট IRS প্রদান করবে।

* **গুরুত্বপূর্ণ!** আপনি যদি প্রত্যাশার চেয়ে বেশি আয় (উদাহরণস্বরূপ বেতনবৃদ্ধি বা বোনাস) করেন, সেই ক্ষেত্রে আপনাকে NY State of Health-কে অবশ্যই এটি জানাতে হবে। অন্যথায়, আপনাকে IRS-এর কাছে অর্থ ফেরত দিতে হতে পারে।

• **“পরে” নিন** - এই বিকল্পে আপনাকে প্রতি মাসে সম্পূর্ণ প্রিমিয়াম প্রদান করতে হবে এবং বছরের শেষে কর দেওয়ার পর আপনাকে ছাড়ের দাবি করতে হবে। এটি আপনার কর পরিশোধ কমিয়ে আনবে অথবা আপনার কোনো ঋণ না থাকলে আপনাকে IRS অর্থ ফেরত দেবে।

আমি কি কর ছাড় বা ট্যাক্স ক্রেডিট পেতে পারি?

- আপনি বর্তমানে কোনো সরকারি স্বাস্থ্য প্ল্যান (Medicaid) মাধ্যমে স্বাস্থ্য বিমা না পান অথবা তা পাওয়ার যোগ্য না হন;
- আপনার পরিবার প্রতি বছর, সুনির্দিষ্টভাবে উল্লেখ করা পরিমাণের চেয়ে কম পরিমাণ আয় করে; এবং
- আপনার নিয়োগকর্তা আপনাকে স্বাস্থ্য বিমা সুবিধা দিচ্ছে না অথবা যে স্বাস্থ্য বিমা দিচ্ছে তা আপনার **“সামর্থের বাইরে”** (আপনার পরিবারের আয়ের 9.5% চেয়ে বেশী খরচ) অথবা **“অপর্যাপ্ত”** (ন্যূনতম 60% মেডিক্যাল খরচ কভার করে না)।



আমি করে কতটা কর ছাড় বা ট্যাক্স ক্রেডিট পেতে পারি?

আপনি যদি ছাড় পান, সেই ক্ষেত্রে আপনার পরিবারের আকার ও আয়ের উপরে ছাড়ের পরিমাণ নির্ভর করবে। কম আয় করেন এমন পরিবারবর্গ এবং ব্যক্তিবিশেষরা সবচেয়ে বেশি সহায়তা পাওয়ার যোগ্য বলে বিবেচিত হবে।

প্রিমিয়াম কর ছাড় বা ট্যাক্স ক্রেডিট পাওয়ার জন্য আমাকে কি আমকর রিটার্ন জমা দিতেই হবে?

হ্যাঁ। আপনি যদি অগ্রিম কর ছাড় বা ট্যাক্স ক্রেডিট নেওয়ার সিদ্ধান্ত নেন এমন কি তাহলেও আপনাকে সেই বছরের করের রিটার্ন অবশ্যই জমা দিতে হবে।

আমাকে যদি কোনো কর পরিশোধ করতে না হয়? আমি কি তাহলেও ছাড় পেতে পারি?

হ্যাঁ, প্রিমিয়াম কর ছাড় **ফেরৎযোগ্য**। তার মানে এই যে আপনাকে যদি অর্থ পরিশোধ করতে না হয় তাহলে IRS আপনার ব্যাঙ্ক অ্যাকাউন্টে অর্থ জমা করবে অথবা ছাড়ের পরিমাণের জন্য আপনাকে ডাকযোগে চেক পাঠাতে পারে।

যে কোনো স্বাস্থ্য বিমা প্ল্যানের জন্যই কি কর ছাড় বা ট্যাক্স ক্রেডিট ব্যবহার করা যায়?

না, **শুধুমাত্র NY State of Health এর মাধ্যমে কেনা স্বাস্থ্য বিমার ক্ষেত্রেই প্রিমিয়াম কর ছাড় বা ট্যাক্স ক্রেডিট ব্যবহার করা যায়**। মার্কেটপ্লেসে প্রেসক্রিপশন, হাসপাতালে থাকা ও ডাক্তার দেখানোর খরচ জোগানোর মত ব্যাপক সুযোগসুবিধা সহ যোগ্য স্বাস্থ্য বিমা প্রদান করে।

যদি আমার আয় পরিবর্তিত হয়, বা আমি বিয়ে করি, বিবাহ বিচ্ছেদ হয় বা আমার সন্তান হয়, তাহলে কী হবে?

আপনার আয় এবং পরিবারের আকার পরিবর্তন হলে আপনাকে অবশ্যই NY State of Health-এ জানাতে হবে। তারপরে মার্কেটপ্লেস আপনার ছাড় আবার হিসাব করবে।

স্বাস্থ্য সেবার বিষয়ে আরো বিশদে জানতে এবং প্রিমিয়াম কর ছাড় ও ট্যাক্স ক্রেডিট পাওয়ার যোগ্য হবেন কি না তা জানতে NY State of Health এর ওয়েব সাইট nystateofhealth.ny.gov দেখুন অথবা **1-855-355-5777** নম্বরে কল করুন।

FLY-923 (BE)

শেষ সংশোধন: 04/2016

NYC
Human Resources
Administration
Department of
Social Services

**HEALTH
INSURANCE
LINK**

এই তথ্য পত্রটি শুধুমাত্র তথ্যসূচক উদ্দেশ্যে NYC Human Resources Administration Office of Citywide Health Insurance Access দ্বারা প্রদান করা হয়। আপনার অধিকার ও দায়িত্বগুলো বোঝার জন্য, অনুগ্রহ করে একজন বিমা প্রদানকারী, ব্রোকার, কর বিষয়ক পরামর্শদাতা বা রাষ্ট্রীয় নিয়ামক কর্তৃপক্ষের পরামর্শ নিন। ইউ.এস. টেক্সার প্রবিধান দ্বারা জারী করা আবশ্যিকতা মেনে চলা নিশ্চিত করতে, আমরা আপনাকে জানাচ্ছি যে ইউ.এস.এস করের উপদেশ এই যোগাযোগে অন্তর্ভুক্ত করা আছে বলে গণ্য করা আছে (সংযুক্তি সহ) যেগুলো (i) অভ্যন্তরীণ রাজস্ব নিয়মের অধীনে অরিমানা এডালো অথবা (ii) অন্য একটি পক্ষের কাছে এখানে উল্লিখিত যে কোনো লেনদেন অথবা বিষয়ের প্রচার, বিপণন অথবা প্রস্তাব করার উদ্দেশ্যে লিখিতভাবে ব্যবহার করা হয় না অথবা ব্যবহার করা হবে না।